# জাতীয় বাজেট ২০২২–২৩: সারসংক্ষেপ

## কৃষি



বাস্তবায়নে

**BAMU**

Budget Analysis and Monitoring Unit
Bangladesh Parliament Secretariat

কারিগরি সহায়তায়

Funded by
the European Union

সহযোগিতায়: DT Global

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)

বাজেট হেল্পডেস্ক ২০২২

Technical Assistance to Support the Implementation of the PFM Reform Strategic Plan in Bangladesh

## ১. প্রেক্ষাপট এবং কৃষি বাজেটের মূল দিক

“রূপকল্প ২০২১”-এ কৃষি উৎপাদন বৃদ্ধি করে খাদ্য ঘাটতি দূর করা এবং দেশকে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করার যে প্রত্যয় ব্যক্ত করা হয়েছিল, কৃষি খাতের ক্রমবর্ধমান অগ্রগতির কারণে এরই মধ্যে তা অর্জন করা সম্ভব হয়েছে এবং বাংলাদেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। বাজেট ২০২২-২৩ বক্তৃতার তথ্যানুসারে, কোভিড-১৯ এর পরিপ্রেক্ষিতে, কৃষি এবং গ্রামীণ অর্থনীতির সুরক্ষায় ঘোষিত কৃষি প্রণোদনা প্যাকেজ হতে দেশের ১ কোটি ৬৫ লক্ষ কৃষক পরিবার উপকৃত হয়েছে। কৃষি পুনঃঅর্থায়ন প্রকল্পের আওতায় ৩ লক্ষ ১৪ হাজার কৃষি খামার সুবিধা লাভ করেছে যা দেশের গ্রামীণ ও কৃষি অর্থনীতিকে সচল রাখতে সহায়তা করেছে।

বৈশ্বিক সংকটময় পরিস্থিতির মাঝে কৃষি খাতকে যথাযথ প্রণোদনা প্রদানের মাধ্যমে উন্নয়ন ধারাবাহিকতাকে সমুন্নত রাখার প্রত্যয় নিয়ে ২০২২-২৩ অর্থবছরের বাজেটে কৃষি ক্ষেত্রে উল্লেখযোগ্য বরাদ্দের ধারা অব্যাহত রাখা হয়েছে, যা সহখাত (কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়) সহ বৃদ্ধি পেয়ে নতুন বাজেটের ৬.২ শতাংশ হিসেবে দাঁড়িয়েছে।


প্রস্তাবিত ২০২২-২৩ অর্থবছরের বাজেটে কৃষি মন্ত্রণালয় খাতে ২৪ হাজার ২২০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, যা সংশোধিত বাজেটে দাঁড়িয়েছিল ১৮ হাজার ৯৪০ কোটি টাকা (২৭ শতাংশের উপরে বৃদ্ধি)। নতুন প্রস্তাবিত বাজেটে মৎস্য ও মৎস্যজাত পণ্যের গুণগত ও সুরক্ষা মান নিশ্চিত করতে প্রচেষ্টা অব্যাহত রাখার কথা বলা হয়েছে এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে বরাদ্দ ৩,১৯৬ (২০২১-২২ সংশোধিত) কোটি টাকা থেকে বাড়িয়ে ৩,৮০৭ কোটি টাকার প্রস্তাব করা হয়েছে (১৯ শতাংশের উপরে বৃদ্ধি)।

কৃষি খাতে প্রণোদনা বাড়ানোর প্রস্তাব করা হয়েছে, সারে ভর্তুকি বেড়েছে এবং প্রস্তাবিত ২০২২-২৩ অর্থবছরের বাজেটে কৃষি খাতে বেশ কিছু সুবিধা দেওয়া হয়েছে। কৃষি যন্ত্রপাতিতে (কম্বাইন্ড হারভেস্টার ও থ্রেসার) কর রেয়াতি সুবিধা দেওয়া হয়েছে। কৃষি উৎপাদন, খাদ্যশস্য সংগ্রহ এবং খাদ্য নিরাপত্তা একে অপরের সাথে সম্পর্কিত। ২০২২-২৩ অর্থবছরে অভ্যন্তরীণ উৎস থেকে খাদ্যশস্য সংগ্রহের জন্য ৩১.৪২ লক্ষ মেট্রিক টন এবং বিতরণের জন্য ৩০.৯৫ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্যের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।


## ২. কৃষি খাতে ২০২২-২৩ বাজেট প্রস্তাবনা

২০২১-২২ অর্থবছরে কৃষি খাতে মোট সংশোধিত বাজেট বরাদ্দ দাঁড়ায় ৩৪ হাজার ৯৭৩ কোটি টাকা। ২০২২-২৩ সালের নতুন বাজেটে কৃষি খাতে (সহখাত সহ) মোট বরাদ্দ প্রস্তাব করা হয়েছে ৪২,১০৮ কোটি টাকা (লেখচিত্র-১)।

**লেখচিত্র ১: কৃষি ২০২২-২৩ খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধির প্রস্তাবনা**




**দ্রষ্টব্য:** ঋণ ও অগ্রিম, অভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণ পরিশোধ, খাদ্য হিসাব এবং সমন্বয় ব্যয় ব্যতীত





**তথ্যসূত্র:** বাজেটের সংক্ষিপ্তসার, অর্থ মন্ত্রণালয়, ২০২২-২৩

## ৩. কৃষি খাতে প্রণোদনা/ভর্তুকি বরাদ্দ

কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি খাতে ভর্তুকির পাশাপাশি প্রণোদনা ও পুনর্বাসন সহায়তা প্রদান করছে সরকার। পাশাপাশি কৃষিজাত সামগ্রী রপ্তানির ক্ষেত্রে ২০ শতাংশ নগদ প্রণোদনা এবং কৃষি ক্ষেত্রে বিদ্যুৎ চালিত সেচ যন্ত্রের ব্যবহারের জন্য বিদ্যুৎ বিলের উপর ২০ শতাংশ রিবেট প্রদান করা হচ্ছে। বাজেট বক্তৃতা অনুসারে, ডাল, তেল, মসলা, ভুট্টাসহ ২৪টি ফসল উৎপাদনের জন্য সুদ ভর্তুকির আওতায় বিদ্যমান ৪ শতাংশ সুদে বিশেষ কৃষি ঋণ আগামী অর্থবছরেও রাখা হবে। ২০২১-২২ অর্থবছরের সারে ভর্তুকির পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১২ হাজার কোটি টাকায়

যা আগামী অর্থবছরে ১৬ হাজার কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। সার্বিকভাবে মোট কৃষি বাজেটের মধ্যে এবং ভর্তুকি বাজেটের মধ্যে কৃষি ভর্তুকি বাড়ানোর প্রস্তাব করা হয়েছে (লেখচিত্র-২)।

**লেখচিত্র ২: কৃষি ২০২২-২৩ বাজেটে ভর্তুকি বৃদ্ধির প্রস্তাবনা**





**তথ্যসূত্র:** বাজেট বক্তৃতা ২০২২-২৩, ৯ জুন ২০২২

## ৪. বাৎসরিক উন্নয়ন পরিকল্পনায় কৃষি বরাদ্দ

২০২২-২৩ অর্থবছরের বাৎসরিক উন্নয়ন পরিকল্পনায় ফসল, খাদ্য, মৎস্য, প্রাণিসম্পদ, সেচ, এবং ভূমি সহখাতে ১০,১৪৩.৫৭ কোটি টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে যার মধ্যে চলমান ১৪৯টি এবং ৬২টি নতুন প্রকল্প রয়েছে। কৃষি খাতের চারটি সহখাতে বরাদ্দ নিম্নরূপ (লেখচিত্র-৩)।

**লেখচিত্র ৩: কৃষি খাতে বাৎসরিক উন্নয়ন পরিকল্পনায় বরাদ্দ প্রস্তাবনা**




**তথ্যসূত্র:** বার্ষিক উন্নয়ন কর্মসূচি (২০২২-২৩)

## ৫. উপসংহার

জাতীয় কৃষি নীতি ২০১৮, কৃষি সম্প্রসারণ নীতি ২০২০ এবং ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরের জন্য দেশের কর্মপরিকল্পনার প্রধান দিকসমূহ উপস্থাপনার উদ্যোগ নেয়া হয়েছে। এর আওতায় বাজেট প্রণয়নের মধ্য দিয়ে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে ধান ও ভুট্টাসহ সকল প্রকার ফসল উৎপাদন বৃদ্ধি, প্রতিকূল পরিবেশসহিষ্ণু ফসলের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং দ্রুততার সাথে সম্প্রসারণ করা এবং জীবপ্রযুক্তির মাধ্যমে বীজ উন্নয়ন ও বর্ধিতকরণ, ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধি ও সেচ কাজে সৌরশক্তির ব্যবহার বৃদ্ধি এবং মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব সারের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, সকল কৃষককে ই-কৃষির আওতায় আনা ইত্যাদির প্রচেষ্টা অব্যাহত আছে।



This printed material was produced with the financial support of the European Union. Its contents are the sole responsibility of DT Global and CPD, and do not necessarily reflect the views of the European Union.